

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ৮ অগ্রহায়ণ, ১৪১৯ বঙ্গাব্দ / ২২ নভেম্বর, ২০১২ খ্রিস্টাব্দ

এসআরও নং-৩৯৩-আইন/২০১২/৬৬৪-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি উক্ত বিধিমালার-

(১) বিধি (৪) এর-

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) ও (খখ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(খ) আমদানি স্তরে মূসক বা অগ্রিম মূসক বা উভয়ই পরিশোধ করিবার পর আমদানি স্টেশন হইতে সংশ্লিষ্ট বিল অব এন্ট্রিতে প্রদর্শিত ঠিকানা বা ব্যবসাস্থল সংশ্লিষ্ট পণ্য আনয়নের পূর্বে বা পরে পরবর্তী প্রথম বিক্রয় বা সরবরাহের সময় (নিজস্ব মালিকানাধীন কিন্তু আলাদাভাবে নিবন্ধিত অন্য কোন ব্যবসাস্থল বা পণ্যাগারে স্থানান্তরসহ) আমদানি পর্যায়ে ২৬.৬৭ শতাংশ হারে নির্ধারিত মূল্য সংযোজন ও তাহার ভিত্তিতে ৪ শতাংশ হারে পরিশোধিত অগ্রিম মূসককে চূড়ান্ত বিবেচনা করিলে উক্ত আমদানি পর্যায়ে পরিশোধিত ১৫ শতাংশ মূসক (যদি প্রযোজ্য হয়) সহ ৪ শতাংশ অগ্রিম মূসক আনুপাতিকহারে প্রদর্শন, সংশ্লিষ্ট আমদানি বিল অব এন্ট্রির নম্বর, তারিখ ও শুদ্ধ স্টেশনের নাম উল্লেখ করিয়া মূসক বিধিমালার ‘মূসক-১১’ চালানপত্র ইস্যু করা যাইবে।

(খখ) উপ-দফা (খ) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত বা অন্যান্য যে কোন ব্যবসায়ী কর্তৃক ক্রীত বা সংগৃহীত পণ্য পরবর্তী সরবরাহ বা বিক্রয়ের সময় আইনের ধারা ৮ এর বিধান সাপেক্ষে, বিধি ৫(২) হইতে বিধি ৫(১১) এর বিধান, অথবা বিধি ৫(১২) এর বিধান অনুযায়ী (যাহার ক্ষেত্রে যাহা প্রযোজ্য) ব্যবসায়ী পর্যায়ের মূসক প্রদেয় হইবে; এবং”;

(খ) দফা (গ) এর প্রান্তস্থিত সেমিকোলন ও ‘এবং’ শব্দটির পরিবর্তে দাড়ি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (ঘ) বিলুপ্ত হইবে;

(২) বিধি ৫ এর উপ-বিধি (২), (৪), (৫) ও (১২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২), (৪), (৫) ও (১২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“(২) বিধি ৪(খ) এর বিধান সাপেক্ষে বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের বিপরীতে অগ্রীম মূসক পরিশোধ করিবার পর পরবর্তী বিক্রয় বা সরবরাহের সময় প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদানের ক্ষেত্রে আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) অনুযায়ী মূল্য নির্ধারিত হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে বাণিজ্যিক আমদানিকারক এবং অন্যান্য ব্যবসায়ীকে মূসক বিধিমালার বিধি ৩ এর বিধান অনুযায়ী ফরম ‘মূসক-১খ’ তে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রকৃত বাজারমূল্য ঘোষণা করিতে হইবে এবং তাহা সম্ভব না হইলে আইনের ধারা ৫(২) এর বিধানের সহিত সঙ্গতিপূর্ণ ও সংশ্লিষ্ট পণ্যের বাজার মূল্যের গতি প্রকৃতি অনুযায়ী নির্দেশক হিসাবে সম্ভাব্য বাজার মূল্য ঘোষণা করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন ঘোষিত মূল্য অথবা সংশ্লিষ্ট পণ্যের প্রকৃত বাজার বা বিক্রয়মূল্য ঘোষিত মূল্যের চেয়ে বেশী হইলে সেই মূল্যের ভিত্তিতে আইনের ধারা ৩ অনুযায়ী মূসক পরিশোধ সাপেক্ষে পণ্য সরবরাহ করিতে হইবে।

(১২) প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর পরিশোধকারী বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী ব্যতীত অন্যান্য বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী কর্তৃক আমদানিকৃত বা অন্যভাবে সংগৃহীত পণ্যের ক্ষেত্রে ২৬.৬৭ শতাংশ হারে মূল্য সংযোজন হিসাব করিয়া তাহার উপর ১৫ শতাংশ অর্থাৎ সরবরাহ মূল্যের উপর ৪ শতাংশ হারে মূসক প্রদান করিতে হইবে, তবে সেই ক্ষেত্রে কোন রেয়াত গ্রহণ করা যাইবে না।”;

(৩) বিধি ৭ এর-

“(ক) দফা (ড) এর প্রাস্তুত দাড়ির পরিবর্তে সেমিকোলন ও ‘এবং’ শব্দটি প্রতিস্থাপিত হইবে;

এবং

(খ) দফা (ড) এর পর নিম্নরূপ নূতন দফা (ঢ) সংযোজিত হইবে, যথাঃ-

“(ঢ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০২-আইন/৯৫/১৬৩৯/কাস, তারিখঃ ২৮/১১/১৯৯৫ এর আওতায় আমদানিকৃত পণ্য।”।

২। ইহা ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

[মোঃ শওকাত হোসেন]

প্রথম সচিব (মূসক নীতি)